

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.০৩.০০১.২০২১ (অংশ-২).২৩৩

তারিখ: ১০/০৩/২০২৫ খ্রিঃ।


বিষয়: আমদানিকৃত পণ্যের 'শ্রেণিবিন্যাসকরণ সভা' এর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের এইচএস কোড নির্ধারণ বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করার প্রয়োজনে আগামী ১৯/০৩/২০২৫ খ্রিঃ তারিখ বুধবার দুপুর ২:০০ ঘটিকায় সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫০৭) একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আলোচ্যসূচি নিম্নরূপ:

১. Shanta Holdings Ltd. কর্তৃক আমদানিকৃত Unitized aluminum and glass curtain wall নামক পণ্যের সঠিক H.S. Code নির্ধারণ (কাস্টমস হাউস, চট্টগ্রাম)।

০২। উক্ত সভায় অংশগ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সর্বোচ্চ দুইজন প্রতিনিধি এবং সংশ্লিষ্ট কাস্টমস হাউস এর উপযুক্ত পর্যায়ের একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান পূর্বক সভার তারিখের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য জানানো হলো।

০৩। উক্ত সভায় সংশ্লিষ্ট আইন, বিসিটি, এক্সপ্লানেটোরি নোটস প্রভৃতির আলোকে তাঁর দপ্তরের মতামত ও প্রয়োজনীয় প্রস্তুতিসহ (প্রযোজ্য ক্ষেত্রে নমুনা সহ) যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১০/৩/২৫
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম [তাকে তাঁর দপ্তরের লিখিত মতামতসহ একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]
- ০২। Managing Director, Shanta Holdings Ltd, Safura Tower (Level-3), 20, Kemal Ataturk Avenue, Banani, Dhaka.
- ০৩। দ্বিতীয় সচিব, বোর্ড প্রশাসন-৩, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [তাকে সভার কক্ষ প্রস্তুত রাখার অনুরোধ করা হলো]।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৩। প্রথম সচিব (কাস্টমস: নীতি/কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।